# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২৭৫)জাতীঃবিঃ/এনইউ ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম/২০২৫/৩২৩৩ তারিখ: ২৭/০৭/২০২৫

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

**আবেদনের সর্বশেষ তারিখ: ৩১ আগস্ট ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত**

**ভর্তি পরীক্ষার তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ৩১ আগস্ট ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং-১০(২৭৫)জাতীঃবিঃ/এনইউ ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম/২০২৫/৩২১৩, তারিখ: ২৫/০৬/২০২৫ইং এ প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্ত অপরিবর্তীত থাকবে।

১। ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অর্ন্তভুক্ত বিষয়সমূহ:

| | | |
|---|---|---|
| ১। | এল.এল.বি | এ শিক্ষা কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারিত ক্যাম্পাসে নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। |
| ২। | বি.বি.এ | |
| ৩। | ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | |
| ৪। | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | |

২। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষা ও ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ পেতে হবে এবং উভয় পরীক্ষা মিলে ন্যূনতম জিপিএ ৬.৫ পেতে হবে।

খ) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শাখা থেকে ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষা ও ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫ পেতে হবে এবং উভয় পরীক্ষা মিলে ন্যূনতম জিপিএ ৭.৫ পেতে হবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) শাখা, ডিপ্লোমা-ইন-কমার্স শাখা ও HSC (ভোকেশনাল) শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত তথ্য জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Honours** অপশনে গিয়ে **NU Undergraduate Program** লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয় এর অনুমোদনক্রমে,

২৭.০৭.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪